



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

## আল্লাহ পরিচ্ছন্নতা ভালোবাসেন

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।  
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।  
আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।  
মাদাদ ইয়া রাসুল আল্লাহু মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু মাদাদ ইয়া মাশাইখিনা,  
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাত্তুর।  
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আল্লাহ (আযযা ওয়া জাল্লা) সুন্দর এবং তিনি সুন্দর সবকিছু ভালোবাসেন। সুন্দর বলতে ভালো কাজ বোঝানো হয়েছে। সুতরাং, আমাদের যা কিছু আদেশ করা হয়েছে তার লক্ষ্য হচ্ছে আমাদের জন্য সুন্দর জীবন যাপন করা এবং আখিরাতে সুন্দর হওয়া।

ইনশাআল্লাহ্ এসব আদেশের একটি হচ্ছে পরিচ্ছন্নতা। যেখানেই কেউ যায় সে জায়গাটি তাকে পরিচ্ছন্ন অবস্থায় রেখে আসতে হবে। একজন পরিষ্কার করবে আর আরেকজন ময়লা ফেলবে সেভাবে হবে না। একটি জায়গায় সবাই তাদের নিজেরটুকু পরিষ্কার করলে সবার জন্য আরামদায়ক হবে। এভাবে পরিবেশও পরিচ্ছন্ন রাখা যাবে। আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেন, "পরিচ্ছন্নতা ঈমান থেকে আসে।" পরিচ্ছন্নতা সবচেয়ে গুরুত্বপূর্ণ। এটা ইসলামে সবচেয়ে গুরুত্বপূর্ণ। অন্যান্য ধর্মে এটি অনুপস্থিত।

তাহারাত মানে পরিচ্ছন্নতা, পবিত্রতা। সামান্য নোংরামিও গ্রহণযোগ্য নয়। আমাদের পবিত্র নাবী (সাঃ) এর হাদীস, "যখন কেউ গোসল করে, একটি সূঁচের অগ্রভাগের সমান জায়গা শুকনা থাকলেও তা গ্রহণযোগ্য নয়।" এর মানে কি? এটা দেখায় পরিচ্ছন্নতার প্রতি কতটা গুরুত্ব দিতে হবে। শরীরের কোন জায়গা শুকনা থাকতে পারবে না বলে তিনি আমাদের শেখাচ্ছেন। এটি তিনি একটি উদাহরণ হিসেবে দিয়েছেন যেন আমরা সতর্ক থাকি।

কাফিরেরা পরিষ্কার নয়। অবিশ্বাসীরা অপবিত্র। কুর'আনে বলা হয়েছে, "ভেবো না তারা পরিচ্ছন্ন, তারা নোংরা।" সুতরাং, পরিচ্ছন্নতার ব্যাপারে মনোযোগী হও এবং আশে-পাশে নোংরা করোনা। যেহেতু পরিচ্ছন্নতা আল্লাহর একটি আদেশ সেহেতু তুমি পুরস্কৃত হবে যখন তুমি তা করবে।

আল্লাহ্ যেন আমাদের উনার পরিচ্ছন্ন বান্দাতে পরিণত করেন। আমাদের ভেতর এবং বাহির উভয়ই যেন পরিচ্ছন্ন হয়। অনেক লোক ভেতরে অপরিচ্ছন্ন। আল্লাহ্ যেন আমাদের সেই নোংরামি না দেন। যখন তা হয় তখন অন্যের আগে মানুষ নিজে ক্ষতিগ্রস্ত হয়।





## হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল  
২৭ জুলাই ২০১৬/২৩ শাওয়াল ১৪৩৭  
ফাজর নামায, আকবাবা দারগাহ।